৬. **সাংস্কৃতিক প্রভাব (Cultural Bias) :** সাধারণ জ্ঞান নির্দিষ্ট সংস্কৃতি বা অঞ্চলের প্রথা, ঐতিহ্য, এবং সামাজিক মূল্যবোধের ওপর নির্ভরশীল। সংস্কৃতি এবং সমাজভেদে সাধারণ জ্ঞানের প্রকৃতি ভিন্ন হতে পারে। যেমন- পশ্চিমা সংস্কৃতিতে ব্যক্তিগত স্বাধীনতাকে বেশি গুরুত্ব দেওয়া। আবার পূর্ব এশিয়ায় পারিবারিক বন্ধন এবং সম্মানকে অগ্রাধিকার দেওয়া।

৭. **সীমাবদ্ধতা (Limitation) :** সাধারণ জ্ঞান সবসময় সঠিক বা যৌক্তিক সিদ্ধান্ত দেয় না। এটি পক্ষপাত, বদ্ধমূল ধারণা এবং কুসংস্কার দ্বারা প্রভাবিত হয়।

৮. **প্রসঙ্গ-নির্ভরতা (Context-dependence) :** সাধারণ জ্ঞান প্রায়শই নির্দিষ্ট পরিস্থিতি বা প্রেক্ষাপটের ওপর নির্ভরশীল। এটি বিভিন্ন পরিস্থিতিতে ভিন্নভাবে প্রযোজ্য হতে পারে।

সুতরাং পরিশেষে বলা যায় যে, সাধারণ জ্ঞান হলো নির্দিষ্ট সমাজ বা সংস্কৃতির মধ্যে সমষ্টিগত বিশ্বাস, অনুমান বা স্বতঃস্ফূর্ত বোঝাপড়াকে বোঝায়, যা প্রণয়নে বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করা হয় না। সাধারণ জ্ঞান দৈনন্দিন অভিজ্ঞতা থেকে প্রাপ্ত স্বতঃস্ফূর্ত ধারণাগুলোর উপর ভিত্তি করে গড়ে ওঠে, যা বৈজ্ঞানিক অনুসন্ধানের ফল নয়। উইলহেল্ম উন্ড-এর মতে, "মনোবিজ্ঞানকে প্রকৃত অর্থে [পরীক্ষামূলক] বিজ্ঞান হতে হলে সাধারণ জ্ঞান ও দৈনন্দিন ভাষার উপর নির্ভরতা বাদ দিতে হবে (Psychology must discard its reliance on common knowledge and everyday language if it is to become a true [experimental] science.")।

১.১.৩ : বিজ্ঞান ও সাধারণ জ্ঞানের মধ্যে তুলনামূলক আলোচনা (Comparativve Discussion Between Science and Common Sense)

বিজ্ঞান ও সাধারণ জ্ঞান ধারণা দুটি পরস্পরের সাথে সম্পর্কিত। ধারণা দুটির মধ্যে যেমন পার্থক্য আছে ঠিক তেমনি তাদের মধ্যে আবার যোগসূত্রও আছে। বিজ্ঞান বা গবেষণা সমস্যার যে সমস্ত উৎস আছে তার মধ্যে সাধারণ জ্ঞান অন্যতম। সাধারণ জ্ঞান হলো কোনো বস্তু বা বিষয় বা পরিবেশ বা চলক বা ঘটনা বা পরিস্থিতি ইত্যাদি সম্পর্কে সাধারণ মানুষের যে চিন্তাভাবনা, অনুভূতি, জ্ঞান, ধারণা ইত্যাদি; অর্থাৎ একজন সাধারণ মানুষ (Laymen) জগৎটাকে যেভাবে দেখে বা অভিজ্ঞতা অর্জন করে বা পরস্পরের সাথে সম্পর্ক খোঁজে তাই হলো ব্যক্তির সাধারণ জ্ঞান।

- Uzzaman (2023)-এর মতে, আমাদের পারিপার্শ্বিক পরিবেশ সম্পর্কে আমাদের যে সাধারণ অনুভূতি সেটাই সাধারণ জ্ঞান (Common sense is our general feeling about surroundings; Uzzaman, 2023)।

সাধারণ চিন্তাভাবনা, বিচারক্ষমতা, প্রাত্যহিক জ্ঞান, অভিজ্ঞতা ইত্যাদি থেকে সাধারণ জ্ঞানের উৎপত্তি হয়। তবে এইসব সাধারণ জ্ঞান বিজ্ঞানের সহায়ক হিসেবে কাজ করে। মনোবিজ্ঞানীরা মানুষ ও প্রাণীর আচরণ, মানসিক প্রক্রিয়া বিজ্ঞানসম্মতভাবে ব্যাখ্যা করার সময় সাধারণ জ্ঞানের সহায়তা নিয়ে থাকেন; অর্থাৎ ব্যক্তি তার পারিপার্শ্বিক জগৎ থেকে যে পরস্পর সংযোজিত ও ক্রমাগত ধারণা বা অভিজ্ঞতা পেয়ে থাকে যার মাধ্যমে সে কার্যকরী ও উদ্দীপিত হতে চায় তাই সাধারণ জ্ঞান বা Common Sense, অন্যদিকে

বিজ্ঞান হলো একটা নিয়মতান্ত্রিক জ্ঞানীয় শাখা বা প্রচেষ্টা, যা সরাসরি পর্যবেক্ষণ, পরীক্ষণ এবং অন্যান্য বৈজ্ঞানিক পদ্ধতির সাহায্যে বস্তুজগতের সব বিষয়ের ক্ষেত্রে সূত্র বা মতবাদ প্রতিষ্ঠা করার চেষ্টা করে এবং সেই সূত্র বা মতবাদকে সাধারণীকরণ করার চেষ্টা করে। অর্থাৎ বিজ্ঞানের কাজ হলো মানবকল্যাণের জন্য জ্ঞান আবিষ্কার করা। এক কথায় বিজ্ঞান হলো বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে প্রাপ্ত সুসংবদ্ধ জ্ঞান।

Morgan, King, Weise এবং Schopler (1995) এর মতে 'বিজ্ঞান হলো নিয়মতান্ত্রিক জ্ঞানের ভাণ্ডার যা সতর্কভাবে পর্যবেক্ষণ এবং পরীক্ষণের মাধ্যমে সংগ্রহ করা হয় (Science is a body of systematized knowledge gathered by carefully observing and measuring events)'।

তবে উভয়ের লক্ষ্য ছিল ভিন্ন। বিজ্ঞান যুক্তিতর্ক, জ্ঞান ও অনুধাবনের মাধ্যমে সত্যকে আবিষ্কার করতে চায়। আর সাধারণ মানুষ কোনো ঘটনার সত্য জানতে বা পারস্পরিক কার্যকারণ সম্পর্ক জানতে আগ্রহী হন না। সেই অর্থে বিচার করলে মনোবিজ্ঞান সাধারণ জ্ঞানের তুলনায় বিজ্ঞানের উপর নির্ভর করে। মনোবিজ্ঞানীরা সবসময় মানুষ ও প্রাণীর আচরণ ও মানসিক প্রক্রিয়া ব্যাখ্যায় সত্যকে অনুসন্ধান করা বা নতুন জ্ঞান আহরণ করাকে প্রাধান্য দেয়। বিজ্ঞান সবসময় পর্যবেক্ষণ, পরীক্ষণ, যাচাইকরণ ইত্যাদি প্রক্রিয়ার মাধ্যমে অগ্রসর হয়।

বিজ্ঞান এবং সাধারণ জ্ঞানের সম্পর্কের বিভিন্ন দিক রয়েছে যা নিম্নরূপ :

ক. বিজ্ঞান কোনো ঘটনা বা বিষয়বস্তু বিশ্লেষণে পর্যবেক্ষণ, পরীক্ষণ, অনুসন্ধান ইত্যাদি পদ্ধতি ব্যবহার করে; অর্থাৎ নিয়মতান্ত্রিক ও যথাযথভাবে কোনো বিষয় সম্পর্কে দৃষ্টিপাত করে। কিন্তু সাধারণ জ্ঞান সাধারণ পর্যবেক্ষণের মাধ্যমে এবং অভিজ্ঞতার মাধ্যমে কোনো বিষয়কে ব্যাখ্যা করে বা দৃষ্টিপাত করে থাকে।

খ. বিজ্ঞান তার গবেষণা দ্বারা যে সমস্ত ফলাফল পায় তা গ্রহণযোগ্য, পুনরাবৃত্তিমূলক, নির্ভরযোগ্য এবং যথার্থতায়ন করা যায়। কিন্তু সাধারণ জ্ঞান দ্বারা কোনো কিছু প্রমাণ করা যায় না বা পুনরাবৃত্তি করা যায় না।

গ. বিজ্ঞান সবসময় দৈবচয়ন, নিয়ন্ত্রণ, পুনরাবৃত্তি ইত্যাদি মৌলিক নীতি মেনে চলে, অর্থাৎ বিজ্ঞানের পরিধি জ্ঞানের শাখা-ভেদে সীমিত। কিন্তু সাধারণ জ্ঞানের পরিধি ব্যাপক; এটি সামাজিক পরিবেশ, পরিস্থিতি, স্থান, কাল, সময়, অভিজ্ঞতা ইত্যাদি দ্বারা প্রভাবিত হয়। বিজ্ঞানের ক্ষেত্রে সব কিছু নির্দিষ্ট ও নিয়ন্ত্রিত থাকে। গবেষক বা ব্যক্তি ইচ্ছা করলেই বিজ্ঞানকে নিজের মতো করে ব্যাখ্যা করতে পারেন না।

ঘ. সাধারণ জ্ঞানের ক্ষেত্রে নিয়মতান্ত্রিক ও সুনির্দিষ্ট পদ্ধতির অনুসরণ করতে হয় না। বিজ্ঞানের ক্ষেত্রে তাকে নিয়মতান্ত্রিক ও সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করতে হয়।

ঙ. বিজ্ঞান ও বিজ্ঞানী সবসময় যে কোনো জ্ঞানের তাত্ত্বিক ও ব্যবহারিক দিক আবিষ্কার করার চেষ্টা করেন এবং দৈনন্দিন জীবনে যে সমস্ত সমস্যায় আমরা পতিত হই তা সমাধান করার চেষ্টা করে। কিন্তু একজন সাধারণ মানুষ কখনও সমস্যার গভীরে যেতে চায় না বা সমস্যার সমাধানের দিকে আলোকপাত করে না।

চ. বিজ্ঞান সবসময় সব ঘটনার মধ্যে কার্যকারণ সম্পর্ক বের করার চেষ্টা করে, অর্থাৎ কোনো একটি ঘটনা কীভাবে ঘটে, কেন ঘটে, কারা ঘটায়, কে দায়ী ইত্যাদি খুঁজে বের করার চেষ্টা করে কিন্তু সাধারণ জ্ঞান কখনও ঘটনার কার্যকারণ (Cause effect) সম্পর্ক খুঁজতে আগ্রহী হয় না।

হবে। যদিও মনোবিজ্ঞানের গবেষণার প্রথম দিকে কিছু অপ্রীতিকর ঘটনা ঘটেছে যার পরিপ্রেক্ষিতে APA দ্বারা গবেষণায় নৈতিকতার মানদণ্ডের বিকাশ করা হয়েছে।

মনোবিজ্ঞানের গবেষণায় নৈতিকতার মানদণ্ডের লঙ্ঘন খুবই কম হয়। সাধারণত ক্লিনিক্যাল পর্যায়ের দুই একটি গবেষণায় এটি হতে পারে। এই জন্য অনেক গবেষক এই নৈতিকতার মানদণ্ডের বিরোধী, কারণ তাদের যুক্তি হচ্ছে মনোবিজ্ঞানী যদি তাদের গবেষণার ক্ষেত্রে প্রাণী বা মানুষ ব্যবহারে সতর্ক না হোন তাহলে তার গবেষণা করাই ঠিক না। কিন্তু মানদণ্ড নিয়ে গবেষককে চাপে রাখলে অনেক সময় অনেক গবেষণা পরিচালনা করা যায় না। তাছাড়া গবেষক নিজেকে নিষ্পাপ প্রমাণ না-করা পর্যন্ত দোষী থাকবেন এই ধারণার সাথেও অনেকে একমত হতে পারেন না। এমনি অনেক গবেষক বলেন গবেষণার প্রকৃতি অনুযায়ী কিছু গবেষণায় মানদণ্ড বিঘ্নিত হতে পারে যা গ্রহণযোগ্য না-হলে অনেক গবেষণা বাস্তবে পরিচালনা করাই যাবে না।

অনেক গবেষক যুক্তি দেখান গবেষণা হচ্ছে সৃজনশীল কাজ, যেখানে গবেষকের পর্যাপ্ত স্বাধীনতা থাকতে হবে। এই জন্য প্রয়োজন হলে কিছু ঝুঁকি মাঝে মাঝে নিতে হবে। তাছাড়া অনেক সময় নৈতিকতার মানদণ্ড পুরোপুরি মেনে চলতে গেলে গবেষণায় অনেক সময় লাগে এবং খরচ বেশি হয়। এর পাশাপাশি যারা প্রাণীর অধিকার নিয়ে কাজ করেন সেই বিরোধী সমস্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান বা ব্যক্তি সব সময় গবেষণাগারে প্রাণীর ব্যবহারে ঘোর বিদ্বেষী। তাদের যুক্তি হচ্ছে এতে প্রাণীর প্রতি চরম অবজ্ঞা এবং বৈষম্যমূলক আচরণ করা হয়। তাছাড়া প্রাণীর প্রতি যথাযথ সম্মান এবং মর্যাদা এতে দেওয়া হয় না। পাশাপাশি প্রাণীর মৃত্যুশঙ্কাও আছে। দুঃখজনক ব্যাপার হলো এই সমস্ত শ্রেণির মানুষ অনেকেই জানে না বিজ্ঞানসম্মত গবেষণায় প্রাণী ব্যবহারের ফলে বাস্তবে মানবজাতির কী উপকার হচ্ছে।

Miller (1985. উল্লেখ করেন প্রাণী নিয়ে গবেষণায় আমাদের যেমন মৌলিক জ্ঞান বৃদ্ধি পাচ্ছে ঠিক তেমনি অনেক বাস্তবিক সমস্যার সমাধানও হচ্ছে যা প্রাণী ছাড়া গবেষণা করলে কখনো বাস্তবে সম্ভব হতো না, কারণ অনেক গবেষণার প্রকৃতি আছে যেখানে মানুষ নিয়ে কোনোভাবেই গবেষণা পরিচালনা করা সম্ভব নয়। মানুষ ও প্রাণীর জৈবিক প্রক্রিয়া প্রায় একই রকম তাই প্রাণীর উপর প্রয়োগকৃত গবেষণার ফল বাস্তবে মানবজাতির বিভিন্ন সমস্যা সমাধানে ব্যাপক সহায়তা করছে।

যা হোক, এখন পর্যন্ত বিষয়টা নিয়ে অনেক বিতর্ক এবং দ্বন্দ্ব আছে বিভিন্ন গবেষক এবং সাধারণ মানুষের মধ্যে। এই জন্য গবেষকরা বিভিন্ন সময় নানান সেমিনার, কর্মশালা আয়োজন করে এই সম্পর্কে সাধারণ মানুষের ভ্রান্ত ধারণা দূর করতে। তাছাড়া প্রাণী নিয়ে গবেষণায় কীভাবে প্রাণীর অধিকার রক্ষা করা হয় তা বিশদভাবে ব্যাখ্যা করা হয়। যদিও গবেষণায় প্রাণী ও মানুষ ব্যবহারের বিষয়টা এখন পর্যন্ত জটিল একটা বিষয় যার পক্ষে এবং বিপক্ষে মত আছে। আসলে গবেষণায় প্রাণী ও মানুষ ব্যবহারের বিষয়টা সংস্কৃতি ভেদেও ভিন্ন হয়; যেমন : দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে এবং সময় জার্মানির নাজিরা (Nazi) অনেক মানুষ ও প্রাণীকে গবেষণাগারে পারীক্ষ হিসেবে ব্যবহার করে। কিন্তু তারপরেও তাদেরকে অনেকেই সমর্থন দিয়েছে। সুতরাং বিষয়টা আপেক্ষিক।

সবশেষে একথা বলা যায়, মানবজাতির কল্যাণের জন্য গবেষণা অপরিহার্য। তাই গবেষণার জন্য মানুষ বা প্রাণীর ব্যবহার যদি প্রয়োজন হয় তাহলে তা করতে হবে। সেক্ষেত্রে অবশ্যই গবেষককে মানুষ বা প্রাণী ব্যবহারের যে নিয়ম, নৈতিকতার মানদণ্ড আছে তা পুরোপুরি মেনে চলতে হবে এবং গবেষণারত অবস্থায় তাদের অধিকারের প্রতি সচেতন হতে হবে।

■ খ বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১। গবেষণায় নৈতিকতা বলতে কী বুঝায়? (ঢাবি.অ-১৫)
[উত্তর অনুচ্ছেদ-১০.১৪]

২। গবেষণার নৈতিক মানদণ্ড বলতে কী বুঝায়? (জাবি-১৬)
[উত্তর অনুচ্ছেদ-১০.১]

৩। গবেষণায় নৈতিকতার প্রয়োজন কেন? (জাবি-১৪, ঢাবি.অ-১৪)
[উত্তর অনুচ্ছেদ-১০.২]

■ গ বিভাগ (রচনামূলক প্রশ্ন)

১। মনোবৈজ্ঞানিক গবেষণা পরিচালনায় স্বীকৃত নৈতিকতার নীতিসমূহ ব্যাখ্যা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৪]

২। গবেষণায় নৈতিক মানদন্ড বলতে কী বুঝায়? গবেষণার নৈতিক দিকগুলো অচঅ এর মানদন্ডের আলোকে বর্ণনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৪]

৩। প্রাণী সংক্রান্ত গবেষণার নৈতিক মানদন্ড আলোচনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৫]

৪। ইন্টারনেট ভিত্তিক গবেষণার নৈতিক নীতিমালা আলোচনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৬]

গ্রন্থপঞ্জি

Anderson B; The Psychology; Experiment, 1996.

American Psychological Association. (2017). *Ethical Principles of Psychologists and Code of Conduct*. Retrieved from https://www.apa.org/ethics/code

Baron.R.A (2004). Psychology. Prentice Hall India.

Bacon, F. (1620). *Novum Organum*. London: J. Bill.

Begum, H. (2009). *Modern social psychology*. Dhaka: Rafael Shariar.

Bhatnagar, O. P. (1981). *Research methods and measurements in behavioural sciences*. New Delhi: Agricole Publishing Academy.

Black, J. A., & Champion, D. J. (1976). Methods and Issues in Social Research. Wiley.

Buskist, W., & Gerbing, D. W. (1990). *Psychology*. Scott, Foresman/Little Brown Higher Education.

Crider, A. B., Goethals, G. R., Kavanaugh, R. D., & Solomon, P. R. (1983). *Psychology*. Glenview, IL: Scott, Foresman.

Dewey, J. (1933). *How We Think: A Restatement of the Relation of Reflective Thinking to the Educative Process*. D.C. Heath & Co.

Fisher, A. A., Laing, J. E., & Stoeckel, J. E. (1991). Handbook for family planning operations research design (2nd ed.). Population Council.

Good, W. J. and P. K. Hatt, (1952). Methods in Social Research, McGraw Hill Book Company, Inc, London

Gravetter, F. J., & Forzano, L. B. (2018). *Research Methods for the Behavioral Sciences* (6th ed.). Cengage Learning.

Haque, M. M. (2021). abc of research methodology & biostatistics (4th edition). Dr. Parveen Sultana: Dhanmondi, Dhaka.

Islam, N. (2008). *An introduction to research methods.* Dhaka : Mullick & Brothers.

Jones, S., & Forshaw, M. (2012). *Research methods in psychology*. London : Pearson Education Limited.

Kerlinger, F.N. (1978). Foundations of Behavioral Research (2nd Ed.). Holt Reinhart & Winston, inc.

Khaleque, A., Sarkar, N., & Rahman, A. (1990). *Research method in social science.* Dhaka : Hasan Book House.

Kitchener, K. S. (2000). *The Ethics of Caring: Honoring the Human Connection*. In C. B. Gergen, K. S. Kitchener, & S. S. Searle (Eds.), *Psychological Ethics in the 21st Century* (pp. 23-45). Sage Publications.

Kothari, C. R. (1996). *Research methodology.* New Delhi : V. S. Johri for Wishwa Prakashan.

Kothari, C. R. (2004). Research Methodology: Methods and Techniques (2nd ed.). New Age International (Pvt) Ltd. Delhi.

Kothari, C. R. & G. Garg (2019). Research Methodology: Methods and Techniques (4th ed.). New Age International (Pvt) Ltd., Delhi.

Kumar, R. (2012). *Research methodology : A step by step guide for beginners.* New Delhi : Dorling Kindersley.

Locke, J. (1689). *An Essay Concerning Human Understanding*. London: Thomas Bassett.

McGuigan, F. G. (1997). *Experimental psychology*. New Delhi : Prentice-Hall.

Mondol, J. K. & Gain, N. (2022), Experimental Pscyhology. Hasan Book House: Banglabazar, Dhaka.

Morgan, C. T., King, R. A., Weisz, J. R., & Schopler, J. (1986). *Introduction to psychology* (6th ed.). New York, NY: McGraw-Hill.

Morgan, C. T., King, R. A., Weisz, J. R., & Schopler, J. (1993). *Introduction to psychology* (7th ed.). New York, NY: McGraw-Hill.

Myers, D. G. (1995). Psychology (4th ed.). New York: Worth Publishers.

Moser, C. A., & Kalton, G. (1979). *Survey Methods in Social Investigation* (2nd ed.). London: Heinemann Educational Books.

Munn, N. L., Fernald, L. D., & Fernald, P. S. (1974). Introduction to Psychology (3rd ed.). Boston: Houghton Mifflin Company.

Nachmias, C. & Nachmias D. 1981, Research Methods in the Social Science, St. Martens Press Inc. London,

Pavlov, I. P. (1927). Conditioned Reflexes: An Investigation of the Physiological Activity of the Cerebral Cortex.

Rahman, M. L., & Khan, A. K. M. S. (2016): *Research Methodology*, (1st ed.). Banglabazar, Dhaka: Gronthokutir.

Rahman, M. A. (2019). An Introduction to Research Methodology and Biostatistics. Registered product of Mohammad Anisur Rahman: Dhaka.

Resnik, D. B. (2015). *Ethics of Research with Human Participants*. Springer.

Roediger, H. L., Rushton, J. P., Capaldi, E. D., & Paris, S. G. (1984). *Psychology*. Little, Brown.

Ruch, J. C. (1984). Psychology: The personal science. Wadsworth Publishing Company.

Shaughnessy, J. J., & Zechmeister, E. B. (1990). *Research methods in psychology*. NewYork, NY : McGraw-Hill.

Shaughnessy, J. J., & Zechmeister, E. B. (1990). *Research methods in psychology* (3rd ed.). McGraw-Hill

Shaughnessy, J. J., & Zechmeister, E. B. (1997). *Research methods in psychology* (4th ed.). McGraw-Hill

Shaughnessy, J. J., Zechmeister, E. B., & Zechmeister, J. S. (2012). *Research Methods in Psychology* (9th ed.). McGraw-Hill Education.

Skinner, B. F. (1953). Science and Human Behavior.

Thorndike, E. L. (1911). Animal Intelligence: Experimental Studies.

Tolman, E. C. (1932). Purposive Behavior in Animals and Men.

Uddin, M. A. (2011). General Pscyhology (2nd ed.). Tamralipi Publcation: Banglabazar, Dhaka.

Uzzaman, M. A (2018). *Research methods in psychology and social science*. Dhaka. Prottoy Publications.

Uzzaman, M. A. (2018). The effect of light and sound on students' performance. Unpublished Manusanpt. Dept. of Psychology, Jagannath university, Dhaka.

Uzzaman, M. A. (2023). Research Methodology (3rd edn.). Pottay Publications: Nilkhet, Dhaka.

Uzzaman, M. A. (2025). Experimental Psychology. Prottoy Publications. Nilkhet: Dhaka.

Hossain, M., & Uzzaman, M. A. (2020) : Essential factors of reading. *Bangladesh Journal of Experimental Psychology*, 2, 23-24.

Watson, J. B. (1913). Psychology as the Behaviorist Views It. Psychological Review, 20(2), 158-177.

Weiten W., Psychology, (1989). Brooks/ Cole Publishing Company.

Wittgenstein, L. (1953). *Philosophical Investigations*. Translated by G. E. Moore. Anscombe. Basil Blackwell, Oxford.

Woodworth, R. S. and Schlolsberg, Lt. (1972). Experimental Psychology. London: Methurn & Co. Ltd.

Wundt, W. (1902). Principles of Physiological Psychology.

Young, P,V. (1956), Scientific Social Surveys and research; Prentice-Hall.,N.Y.; 1956;

Young, P,V. (1998), Scientific Social Surveys and Research, Prentice Hall of India Pvt. Ltd., New Delhi.

▪▪▪

Exam Review

প্রথম অধ্যায় | অবতরনিকা

■ খ বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. বিজ্ঞান ও সাধারণ জ্ঞান ব্যাখ্যা কর। *[জা. বি. ২০১৬]*
[উত্তর অনুচ্ছেদ-১.১.১ ও ১.১.২; পৃষ্ঠা-২৪.২৫]

২. বিজ্ঞান ও সাধারণ জ্ঞানের পার্থক্য লিখ। *[জা. বি. ২০১১, ২০১৪, ২০১৯, ২০২১]*
[উত্তর অনুচ্ছেদ-১.১.৩; পৃষ্ঠা-২৭]

৩. বিজ্ঞানের বৈশিষ্ট্যসমূহ লিখ। *[জা. বি. ২০১৫, ২০১৭, ২০২০, ২০২২]*
[উত্তর অনুচ্ছেদ-১.২.৩; পৃষ্ঠা-৩২]

৪. বিজ্ঞানের স্বীকার্যসমূহ বর্ণনা কর। *[জা. বি. ২০১৮]*
[উত্তর অনুচ্ছেদ-১.৩.১; পৃষ্ঠা-৪৩]

৫. বিজ্ঞানের লক্ষ্যমূহ কী? *[জা. বি. ২০১১, ২০১৪, ২০১৭]*
অথবা, বিজ্ঞানের লক্ষ্যমূহ বর্ণনা কর। *[জা. বি. ২০১৯]*
অথবা, বিজ্ঞানের লক্ষ্যমূহ লেখ। *[জা. বি. ২০২১]*
[উত্তর অনুচ্ছেদ-১.২.২; পৃষ্ঠা-৩১]

■ গ বিভাগ (রচনামূলক প্রশ্ন)

১. বিজ্ঞানের সংজ্ঞা দাও। বিজ্ঞান ও সাধারণ জ্ঞানের মধ্যে পার্থক্য লিখ। *[জা. বি. ২০১৮]*
[উত্তর অনুচ্ছেদ-১.১.১ ও ১.১.৩; পৃষ্ঠা-২৪ ও ২৭]

২. বিজ্ঞানের লক্ষ্যসমূহ আলোচনা কর। *[জা. বি. ২০১৬, ২০১৯]*
[উত্তর অনুচ্ছেদ-১.২.২; পৃষ্ঠা-৩১]

৩. বিজ্ঞানের বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। *[জা. বি. ২০২০]*
[উত্তর অনুচ্ছেদ-১.২.৩; পৃষ্ঠা-৩২]

৪. বিজ্ঞান হিসেবে মনোবিজ্ঞানের স্থান মূল্যায়ন কর। *[জা. বি. ২০১৪, ২০১৬,২০২২]*
[উত্তর অনুচ্ছেদ-১.৪; পৃষ্ঠা-৪৭]

৫. মনোবিজ্ঞানে ব্যবহৃত বিজ্ঞানের নীতিসমূহ আলোচনা কর। *[জা. বি. ২০১৫, ২০১৭, ২০২১]*
[উত্তর অনুচ্ছেদ-১.২.৪; পৃষ্ঠা-৩৫]

দ্বিতীয় অধ্যায় | পরীক্ষণ

■ খ বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. পরীক্ষণ মনোবিজ্ঞান কী?
অথবা, পরীক্ষণ মনোবিজ্ঞানের সংজ্ঞা দাও।
[উত্তর অনুচ্ছেদ-২.১.১; পৃষ্ঠা-৫৪]

২. পরীক্ষণ মনোবিজ্ঞানের বিষয়বস্তু আলোচনা কর। *[জা. বি. অনার্স ১ম বর্ষ ২০২২]*
[উত্তর অনুচ্ছেদ-২.১.২; পৃষ্ঠা-৫৫]

৩. সীমা পদ্ধতি কী? সীমা পদ্ধতির সাহায্যে সংবেদনের পার্থক্যসূচক নির্ণয় কর।
[উত্তর অনুচ্ছেদ-৮.৮.১ এবং ৮.৮.১ (খ) ; পৃষ্ঠা-২৬৭-২৬৮] *[জা. বি. ২০১৮]*

৪. ধ্রুবক উদ্দীপক পদ্ধতিতে সংবেদনের প্রারম্ভসীমা বর্ণনা কর। *[জা. বি. ২০১৫]*
[উত্তর অনুচ্ছেদ-৮.৮.২; পৃষ্ঠা-২৭৬]

৫. ধ্রুবক উদ্দীপক পদ্ধতির সাহায্যে সংবেদনের পার্থক্যসূচক সীমা নির্ণয় কর।
[জা. বি. ২০২২]

নবম অধ্যায় | পরীক্ষণ প্রতিবেদন লিখন

■ খ বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. প্রতিবেদন লিখনের বিবেচ্য বিষয়সমূহ কী?
[উত্তর অনুচ্ছেদ-৯.৩; পৃষ্ঠা-২৮৪]

২. পরীক্ষণ প্রতিবেদনের মূল অংশগুলো উল্লেখ কর।
[উত্তর অনুচ্ছেদ-৯.৫ (৪) ; পৃষ্ঠা-২৯১]

■ গ বিভাগ (রচনামূলক প্রশ্ন)

১. গবেষণা প্রতিবেদনের প্রয়োজনীয়তা আলোচনা কর।
[উত্তর অনুচ্ছেদ-৯.৪; পৃষ্ঠা-২৮৭]

২. একটি পরীক্ষণ প্রতিবেদন লিখনের ধাপসমূহ বর্ণনা কর। *[জা. বি. ২০১৪, ২০১৬, ২০২০]*
অথবা, পরীক্ষণ প্রতিবেদন লিখনের ধাপসমূহ আলোচনা কর। *[জা. বি. ২০১৮]*
[উত্তর অনুচ্ছেদ-৯.৬; পৃষ্ঠা-২৯৫]

দশম অধ্যায় | গবেষণা নৈতিকতা

■ খ বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১। গবেষণায় নৈতিকতা বলতে কী বুঝায়? (ঢাবি.অ-১৫)
[উত্তর অনুচ্ছেদ-১০.১; পৃষ্ঠা-৩২৭]

২। গবেষণার নৈতিক মানদণ্ড বলতে কী বুঝায়? (জাবি-১৬)
[উত্তর অনুচ্ছেদ-১০.১ ; পৃষ্ঠা-৩২৭]

৩। গবেষণায় নৈতিকতার প্রয়োজন কেন? (জাবি-১৪, ঢাবি.অ-১৪)
[উত্তর অনুচ্ছেদ-১০.২; পৃষ্ঠা-৩২৯]

■ গ বিভাগ (রচনামূলক প্রশ্ন)

১। মনোবৈজ্ঞানিক গবেষণা পরিচালনায় স্বীকৃত নৈতিকতার নীতিসমূহ ব্যাখ্যা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৪; পৃষ্ঠা-৩৩২]

২। গবেষণায় নৈতিক মানদন্ড বলতে কী বুঝায়? গবেষণার নৈতিক দিকগুলো অচঅ এর মানদন্ডের আলোকে বর্ণনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৪; পৃষ্ঠা-৩৩২]

৩। প্রাণী সংক্রান্ত গবেষণার নৈতিক মানদন্ড আলোচনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৫; পৃষ্ঠা-৩৩৬]

৪। ইন্টারনেট ভিত্তিক গবেষণার নৈতিক নীতিমালা আলোচনা কর।
[উত্তর অনুচ্ছেদ-১০.৬; পৃষ্ঠা-৩৩৮]

■ ■ ■

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ)-এর বিগত সালের প্রশ্নব্যাংক ও সমাধান

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ) পরীক্ষা- ২০১৮

অনার্স প্রথম বর্ষ (মনোবিজ্ঞান বিভাগ)

বিষয় : পরীক্ষণ মনোবিজ্ঞান

বিষয় কোড : PSY-101

সময় : ৩ ঘন্টা পূর্ণ নম্বর-৬০

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও

১। বৈজ্ঞানিক পদ্ধতি কি? বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্য লিখ। [What is scientific method ? Write the characteristics of scientific method]
[উত্তর অনুচ্ছেদ- ১.৩ ও ১.৩.২; পৃষ্ঠা-৪১ ও ৪৪]

২। প্রকল্প কী? একটি ভালো প্রকল্পের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। [What is hypothesis? Describe the characteristics of a good hypothesis]
[উত্তর অনুচ্ছেদ- ৫.১ ও ৫.৫; পৃষ্ঠা- ১৫৯ ও ১৭১]

৩। অনির্ভরশীল, নির্ভরশীল এবং মধ্যেবর্তী চল কি? পরীক্ষণ বর্হিভূর্ত চল নিয়ন্ত্রন কৌশলসমূহ ব্যাখা কর। [What is independent , dependent and intervening variable ? Explain the techniques of control excluded variable in an experiment] **[উত্তর অনুচ্ছেদ- ৩.৩.১ ও ৩.৭.২; পৃষ্ঠা-১১২ ও ১২৫]**

৪। গবেষনায় নকশার গুরত্ব কী? দৈবচয়িত -দুই দলীয় নকশা উদাহরণসহ বর্ণনা কর। [What is the importance of design in research ? Describe two randomized group design with example]
[উত্তর অনুচ্ছেদ- ৬.১.২ ও ৬.৬; পৃষ্ঠা-১৮৪ ও ২০৫]

৫। আপাতঃ পরীক্ষণমূলক নকশা বলতে কী বোঝায় ? উদাহরণসহ একদল পূর্বাপর নকশা আলোচনা কর। [What is meant by quasi –expermental design ? Discuss one group Pretest design with an example]
[উত্তর অনুচ্ছেদ- ৭.১ ও ৭.২; পৃষ্ঠা-২৩৯ ও ২৪৪]

৬। সংবেদন সীমা কি? সীমা পদ্বতির সাহায্য কিভাবে সংবেদনের প্রারম্ভসীমা নির্ণয় করা যায়? [What is sensory threshold ? How the absolute threshold of sensation can be measured by the method of limits]
[উত্তর অনুচ্ছেদ-৮.৩ ও ৮.৮.১ ; পৃষ্ঠা- ২৫৯ ও ২৬৭]

৭। গবেষণায় নৈতিকতার প্রয়োজনীয়তা কি? মানুষ সংক্রান্ত গবেষণার নৈতিকতার নীতিসমূহ আলোচনা কর। [What is importance of research ethics ? Discuss the ethical principles for human research]
[উত্তর অনুচ্ছেদ-১০.২ ও ১০.৪; পৃষ্ঠা-৩২৯ ও ৩৩২]

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ) পরীক্ষা- ২০১৯

অনার্স প্রথম বর্ষ (মনোবিজ্ঞান বিভাগ)

বিষয় : পরীক্ষণ মনোবিজ্ঞান

বিষয় কোড : PSY-101

সময় : ৩ ঘন্টা পূর্ণ নম্বর-৬০

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও

১। পরীক্ষণ মনোবিজ্ঞান কী? সুবিধা অসুবিধাসহ পরীক্ষণ পদ্ধতি আলোচনা কর। [What is experimental psychology? Discuss the experimental method with advantages and disadvantages.] **[উত্তর অনুচ্ছেদ-২.১.১ ও ২.৩.২; পৃষ্ঠা-৫৪ ও ৮৩]**

২। চল কী? বাহ্যিক চল নিয়ন্ত্রণের যেকোন দুটি কৌশল ব্যাখ্যা কর। [What is variable? Explain' any two of the techniques used to control extraneous variables.] **[উত্তর অনুচ্ছেদ-৩.১ ও ৩.৭.২; পৃষ্ঠা- ১০৯ ও ১২৫]**

৩। সমস্যার উৎসগুলো কী? সমস্যা নির্বাচনে বিবেচ্য বিষয়গুলো বর্ণনা কর। [What are the sources of problem? Describe the criteria underlying the selection of a research problem.] **[উত্তর অনুচ্ছেদ-৪.৪ ও ৪.৫; পৃষ্ঠা-১৪৬ ও ১৪৮]**

৪। ভাল নকশার বৈশিষ্ট্যগুলো কী? উপাদান ভিত্তিক নকশা আলোচনা কর। [What are the characteristics of a good design? Discuss the factorial design.] **[উত্তর অনুচ্ছেদ- ৬.১.৩ ও ৬.৯; পৃষ্ঠা-১৮৬ ও ২১৬]**

৫। পরীক্ষণ নকশার শ্রেণীবিভাগ উল্লেখ কর। তুল্য দুই দলীয় নকশা বর্ণনা কর। [Mention the classification of experimental design. Describe the two matched-groups design.] **[উত্তর অনুচ্ছেদ-৬.১.৬ ও ৬.৭ ; পৃষ্ঠা-১৯১ ও ২০৮]**

৬। সাইকোফিজিক্স কী? বিভিন্ন প্রকার সংবেদন সীমা ব্যাখ্যা কর। [What is psychophysics? Explain the different types of sensory thresholds.] **[উত্তর অনুচ্ছেদ-৮.১ ও ৮.৩ ; পৃষ্ঠা-২৫৫ ও ২৫৯]**

৭। পরীক্ষণের প্রতিবেদন লেখার ধাপসমূহ বর্ণনা কর। [Describe the steps of writing an experimental report.] **[উত্তর অনুচ্ছেদ-৯.৬; পৃষ্ঠা-২৯৫]**

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ) পরীক্ষা- ২০২০

অনার্স প্রথম বর্ষ (মনোবিজ্ঞান বিভাগ)

বিষয় : পরীক্ষণ মনোবিজ্ঞান

বিষয় কোড : PSY-101

সময় : ৩ ঘন্টা পূর্ণ নম্বর-৬০

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও

১। বৈজ্ঞানিক পদ্ধতি কি? বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। [What is scientific method? Describe the characteristics of scientific method.] **[উত্তর অনুচ্ছেদ- ১.৩ ও ১.৩.২; পৃষ্ঠা-৪১ ও ৪৪]**

২। চলের সংজ্ঞা দাও। উদাহরণসহ বিভিন্ন প্রকার চল বর্ণনা কর। [Define variable. Describe the different types of variable with example.] **[উত্তর অনুচ্ছেদ-৩.১ ও ৩.৩; পৃষ্ঠা-১০৯ ও ১১২]**

৩। প্রকল্প কি? একটি ভালো প্রকল্পের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। [What is hypothesis? Describe the characteristics of a good hypothesis?] **[উত্তর অনুচ্ছেদ-৫.১ ও ৫.৫ ; পৃষ্ঠা-১৫৯ ও ১৭১]**

৪। গবেষণায় নশার প্রয়োজনীয়তা কী? সুবিধা অসুবিধাসহ দৈবচয়িত দুই দলীয় নকশা আলোচনা কর। [What are the needs of design in research? Discuss two randomized group design with advantages and disadvantages.] **[উত্তর অনুচ্ছেদ-৬.১.২ ও ৬.৬; পৃষ্ঠা-১৮৪ ও ২০৫]**

৫। পেশাগত নৈতিকতা কী? পরীক্ষণমূলক গবেষণায় পেশাগত নৈতিকতা আলোচনা কর। [What is professional ethics? Discuss the professional ethics of experimental research.] **[উত্তর অনুচ্ছেদ-১০.১ ও ১০.৪; পৃষ্ঠা-৩২৭ ও ৩৩২]**

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ) পরীক্ষা- ২০২১

শিরোনাম : Experimental Psychology

কোর্স কোড : PSY 103

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

যে কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

১। পরীক্ষণ পদ্ধতি কী? সুবিধা ও অসুবিধাসহ পরীক্ষণ পদ্ধতি আলোচনা কর। [What is Experimental Psychology? Discuss the experimental method with advantages and disadvantages.] **[উত্তর অনুচ্ছেদ- ২.২ ও ২.৩.২; পৃষ্ঠা-৬৫ ও ৮৩]**

২। গবেষণায় সমস্যা বলতে কি বুঝায়? সমস্যার উৎস সম্পর্কে বিস্তারিত আলোচনা কর। [What is meant by problem in research? Discuss the source of problem in detail.] **[উত্তর অনুচ্ছেদ- ৪.২ ও ৪.৪; পৃষ্ঠা-১৪৪ ও ১৪৬]**

৩। প্রকল্প কী? প্রকল্পের কার্যাবলী বর্ণনা কর। [What is hypothesis? Describe the functions of hypothesis.] **[উত্তর অনুচ্ছেদ-৫.১ ও ৫.৪ ; পৃষ্ঠা- ১৫৯ ও ১৬৯]**

৪। চল নিয়ন্ত্রণের কৌশলগুলো কী? বাহ্যিক চল নিয়ন্ত্রণের যে কোন দুটি কৌশল ব্যাখ্যা কর। [What are the techniques of controlling varieties? Explain any two of the techniques used to control extraneous variables.] **[উত্তর অনুচ্ছেদ- ৩.৭.২; পৃষ্ঠা-১২৫]**

৫। গবেষণার নকশা কী? গবেষণায় নকশার প্রয়োজনীয়তা আলোচনা কর। [What is research design? Discuss the importance of research design.] **[উত্তর অনুচ্ছেদ-৬.১ ও ৬.১.২ ; পৃষ্ঠা-১৮১ ও ১৮৪]**

৬। ভৌত-মনোবিজ্ঞান কী?? ওয়েবার-ফেকনারের সূত্র বিস্তারিত আলোচনা কর। [What is psychophysics? Discuss Weber-Fechner law in detail.] **[উত্তর অনুচ্ছেদ- ৮.১, ৮.৬ ও ৮.৭; পৃষ্ঠা-২৫৫, ২৬৫ ও ২৬৬]**

৭। পরীক্ষণের প্রতিবেদন লেখার ধাপসমূহ বর্ণনা কর। [Describe the steps of writing an experimental report.] **[উত্তর অনুচ্ছেদ- ৯.৬; পৃষ্ঠা-২৯৫]**

ঢাকা বিশ্ববিদ্যালয় (অধিভূক্ত কলেজ) পরীক্ষা- ২০২২

শিরোনাম : Experimental Psychology

কোর্স কোড : PSY 103

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

যে কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

১। পরীক্ষণ মনোবিজ্ঞান কী? পরীক্ষণ মনোবিজ্ঞানের বিষয়বস্তু ও পরিসর আলোচনা কর। [What is experimental psychology? Discuss the subject-matter and scope of experimental psychology.] **[উত্তর অনুচ্ছেদ-২.২.১ ও ২.২.২; পৃষ্ঠা-৫৪]**

২। চল কী? উদাহরণসহ বিভিন্ন প্রকার চল বর্ণনা কর। [What is a variable? Describe the different types of variables with examples.] **[উত্তর অনুচ্ছেদ-৩.১ ও ৩.৩ ; পৃষ্ঠা-১০৯ ও ১১২]**

৩। প্রকল্প কী? একটি উত্তম প্রকল্পের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। [What is a hypothesis? Describe the characteristics of a good hypothesis.] **[উত্তর অনুচ্ছেদ- ৫.১ ও ৫.৫; পৃষ্ঠা-১৫৯ ও ১৭১]**

৪। একটি ভালো নকশার বৈশিষ্ট্যগুলো কী? তুল্য দুই দলীয় নকশা বর্ণনা কর। [What are the characteristics of a good design? Describe the two-matched group design.] **[উত্তর অনুচ্ছেদ-৬.১.৩ ও ৬.৭ ; পৃষ্ঠা-১৮৬ ও ২০৮]**

৫। আপাত: পরীক্ষণমূলক নকশা বলতে কী বোঝায়? উদাহরণসহ একদল পূর্বাপর নকশা আলোচনা কর। [What is meant by quasi-experimental design? Discuss one-group pretest-posttest design with an example.] **[উত্তর অনুচ্ছেদ- ; পৃষ্ঠা-] [উত্তর অনুচ্ছেদ- ৭.১ ও ৭.২; পৃষ্ঠা-২৩৯ ও ২৪৪]**

৬। সংবেদন সীমা কী? সীমা পদ্ধতির সাহায্যে কিভাবে সংবেদনের প্রারম্ভসীমা নির্ণয় করা যায়? [What is a sensory threshold? How can the absolute threshold of sensation be measured by the method of limits?] **[উত্তর অনুচ্ছেদ- ৮.৩ ও ৮.৮.১; পৃষ্ঠা-২৫৯ ও ২৬৭]**

৭। গবেষণায় নৈতিকতার প্রয়োজনীয়তা কী? মানুষ সংক্রান্ত গবেষণার নৈতিকতার নীতিসমূহ আলোচনা কর। [What is the importance of research ethics? Discuss the ethical principles for human research.] **[উত্তর অনুচ্ছেদ- ১০.২ ও ১০.৪; পৃষ্ঠা-৩২৯ ও ৩৩২]**

জাতীয় বিশ্ববিদ্যালয়-এর বিগত সালের প্রশ্নব্যাংক ও সমাধান

জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা-২০১৪ (অনুষ্ঠিত : ২০১৫)

বিষয় : পরীক্ষণ মনোবিজ্ঞান

বিষয় কোড : ৩৪৫২

ক বিভাগ

১।যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

ক) বিজ্ঞান কী?

উত্তর : পরীক্ষা, নিরীক্ষা, পর্যবেক্ষণ এবং পদ্ধতিগতভাবে গৃহীত সুশৃঙ্খলজ্ঞান (Systematic Knowledge)- কে বিজ্ঞান বলে।

খ) বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর : ১) বস্তুনিষ্ঠতা (objectivity), ২) নিয়মতান্ত্রিক (systematic), ৩) অভিজ্ঞতা ভিত্তিক (Empirical), ৪) নিরপেক্ষ (Neutral), ৫) যাচাইযোগ্য (Verifiable), ৬) এটি তত্ত্বের সাথে সম্পর্ক যুক্ত (Related to the theory), ৭) সাধারণীকরণ (Generalization)

গ) উদ্দীপক কোন ধরনের চল?

উত্তর : নিরপেক্ষ চল।

ঘ) বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশলগুলো কী?

উত্তর : অপসারণ, অবস্থার ধ্রুবতা, তুল্য মূল্যায়ন, প্রতিতুল্য মূল্যায়ন, দৈবচয়ন পদ্ধতি।

ঙ) সমস্যার উৎসগুলো উল্লেখ কর।

উত্তর : (১) জ্ঞানের ঘাটতি বা ফাঁক, (২) পরস্পরবিরোধী ফলাফল, (৩) অব্যাখ্যায়িত কোনো ঘটনা বা বিষয় ব্যাখ্যা করা।

চ) প্রকল্প কী?

উত্তর : দুই বা ততোধিক সুনির্দিষ্ট চলের মধ্যকার সরলতর ও প্রমাণযোগ্য সম্পর্ক প্রকাশক অনুমানকেই প্রকল্প বলে।

(ছ) পরীক্ষণ কী?

উত্তর : পরিকল্পিতভাবে ও নিয়ন্ত্রিত পরিবেশে উদ্দীপক উপস্থাপন করে প্রতিক্রিয়া পরিমাপ বা উপাত্ত সংগ্রহ করার প্রক্রিয়াকে পরীক্ষণ বলে।

জ) চলের প্রকারভেদগুলো উল্লেখ কর।

উত্তর : চার প্রকার। যথা : ১. নির্ভরশীল চল ২. অনির্ভরশীল চল ৩. মধ্যবর্তী চল ও ৪. বাহ্যিক চল।

ঝ) নকশার প্রকারভেদগুলো কী?

উত্তর : নকশা তিন প্রকার। যথা ১. পরীক্ষণ নকশা ২. আপাতপরীক্ষণ নকশা ৩. অ-পরীক্ষণ নকশা।

ঞ) সংবেদন সীমার প্রকারভেদগুলো উল্লেখ কর।

উত্তর : ১. সর্বনিম্ন সংবেদনসীমা ২. পার্থক্যসূচক সংবেদনসীমা ৩. সর্বোচ্চ সংবেদনসীমা।

ট) পরীক্ষণ মনোবিজ্ঞানের জনক কে?

উত্তর : উইলহেল্ম উন্ড(Wilhelm Wundt)।

ঠ) 'বয়স' কোন ধরনের চল?

উত্তর : মধ্যবর্তী চল।

খ বিভাগ

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। মান- ৫×৪= ২০

২. বিজ্ঞান ও সাধারণ জ্ঞানের মধ্যে পার্থক্য লেখ। **[উত্তর অনুচ্ছেদ- ১.১.৩; পৃষ্ঠা-২৭]**

৩. বিজ্ঞানের লক্ষ্যসমূহ কী? **[উত্তর অনুচ্ছেদ-১.২.২ ; পৃষ্ঠা-৩১]**

৪. বিভিন্ন প্রকার পরীক্ষণ বর্ণনা কর। **[উত্তর অনুচ্ছেদ- ২.২.১; পৃষ্ঠা- ৬৭]**

৫. অনির্ভরশীল ও নির্ভরশীল চল ব্যাখ্যা কর। **[উত্তর অনুচ্ছেদ-৩.৩.১ ; পৃষ্ঠা-১১২]**

৬. প্রকল্পের উৎসসমূহ লেখ। [**উত্তর অনুচ্ছেদ- ৫.২; পৃষ্ঠা-১৬১**]

৭. উপাদান ভিত্তিক নকশা বলতে কী বোঝায়? [**উত্তর অনুচ্ছেদ- ৬.৯; পৃষ্ঠা-২১৬**]

৮. একটি উত্তম নকশার বৈশিষ্ট্য লেখ। [**উত্তর অনুচ্ছেদ-৬.১.৩ ; পৃষ্ঠা-১৮৬**]

৯. সীমা পদ্ধতি বর্ণনা কর। [**উত্তর অনুচ্ছেদ- ৮.৮.১; পৃষ্ঠা- ২৬৭**]

গ বিভাগ

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। মান- ১০×৫= ৫০

১০. বিজ্ঞান হিসেবে মনোবিজ্ঞানের অবস্থান আলোচনা কর। [**উত্তর অনুচ্ছেদ-১.৪ ; পৃষ্ঠা-৪৭**]

১১. পরীক্ষণ পদ্ধতি কী? এর বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর। [**উত্তর অনুচ্ছেদ-২.২ ও ২.৩.১ ;পৃষ্ঠা-৬৫ ও ৮০**]

১২. বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশলগুলো ব্যাখ্যা কর। [**উত্তর অনুচ্ছেদ-৩.৭.২; পৃষ্ঠা-১২৫**]

১৩. একটি উত্তম প্রকল্পের মানদণ্ডসমূহ আলোচনা কর। [**উত্তর অনুচ্ছেদ- ৫.৫; পৃষ্ঠা-১৭১**]

১৪. একটি পরীক্ষণ প্রতিবেদন লিখনের ধাপসমূহ বর্ণনা কর। [**উত্তর অনুচ্ছেদ-৯.৬; পৃষ্ঠা-২৯৫**]

১৫. দৈবচয়িত দুই দলীয় নকশা উদাহরণসহ বর্ণনা কর। [**উত্তর অনুচ্ছেদ- ৬.৬; পৃষ্ঠা-২০৫**]

১৬. সুবিধা-অসুবিধাসহ বহুদলীয় নকশা আলোচনা কর। [**উত্তর অনুচ্ছেদ-৬.৮; পৃষ্ঠা-২১২**]

১৭. পার্থক্য-সীমা পরিমাপের পদ্ধতি বর্ণনা কর। [**উত্তর অনুচ্ছেদ-৮.৩.১ (২); পৃষ্ঠা-২৬৯**]

জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা-২০১৫ (অনুষ্ঠিত : ২০১৫)
বিষয় : পরীক্ষণ মনোবিজ্ঞান

বিষয় কোড : ২১৩৪০৩

ক বিভাগ

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

ক) কোন পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয়?

উত্তর : পরীক্ষণ পদ্ধতি।

খ) অভিজ্ঞতা ও প্রশিক্ষণ কোন ধরনের চল?

উত্তর : মধ্যবর্তী চল।

গ) পরীক্ষণ মনোবিজ্ঞান কী?

উত্তর : মনোবিজ্ঞানের যে শাখায় পরীক্ষণ পদ্ধতি তথা বৈজ্ঞানিক পদ্ধতির কলাকৌশল প্রয়োগের মাধ্যমে মানুষ ও প্রাণীর আচরণ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা করা হয় সেই শাখাকে পরীক্ষণ মনোবিজ্ঞান বলে।

ঘ) পরীক্ষণের প্রথম ধাপটি কী?

উত্তর : সমস্যা নির্দিষ্টকরণ।

ঙ) পরীক্ষণ মনোবিজ্ঞানের চর্চা সর্বপ্রথম কোন দেশে শুরু হয়েছিল?

উত্তর : জার্মানিতে।

চ) সমস্যার সংজ্ঞা দাও।

উত্তর : "সমস্যা হলো এমন একটি প্রশ্নবোধক বাক্য বা উক্তি, যা দুই বা ততোধিক চলের মধ্যকার সম্পর্ক জানতে চায়"- Kerlinger (1986)।